যায়যায়দিন

# বারি'তে কৃষি বিজ্ঞানীদের আন্তর্জাতিক ভাষা দিবস পালিত

প্রকাশ | ২১ ফেব্রুয়ারি ২০২৩, ১১:৩৫

গাজীপুর প্রতিনিধি



যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্যে দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) 'তে ২১ ফেব্রুয়ারি মঙ্গলবার মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্যাপিত হয়েছে। একুশের প্রথম প্রহর রাত ১২:০১ মিনিটে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর নেতৃত্বে কৃষি বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক, শ্রমিক ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ইনস্টিটিউটের শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ করার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়।

দিনের অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, মহান ভাষা আন্দোলনে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ইনস্টিটিউটের সকল স্তরের বিজ্ঞানী, কর্মকতার্, কর্মচারী, শ্রমিক, শিক্ষক এবং বিভিন্ন সংগঠনের অংশগ্রহণে প্রভাতফেরি। প্রভাতফেরি শেষে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

আলোচনা অনুষ্ঠানে বারি'র এর মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (উদ্যানতত্ত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, বারি বিজ্ঞানী সমিতি (বারিসা), বারি কর্মচারী কল্যাণ সমিতি (বারিকা) এবং বারি শ্রমিক সমিতির নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

এছাড়াও দিনের কর্মসূচর অংশ হিসেবে বাদ জোহর বারি'র সকল মসজিদে ভাষা শহীদদের রুহের মাগফেরাত ও দেশের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত এবং সন্ধ্যায় বারি'র মন্দির ও গীর্জায় বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

Page-3

বুধবার, ৯ ফাল্গুন ১৪২৯
১ শাবান, ১৪৪৪ হিজরি
২২ ফেব্রুয়ারি ২০২৩
www.ittefaq.com.bd

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

# যথাযোগ্য মর্যাদায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

**গাজীপুর :** দিবসের প্রথম প্রহরে গাজীপুর কেন্দ্রীয় শহিদ মিনারে জেলা প্রশাসন, মেট্রোপলিটন পুলিশ, জেলা পুলিশ, মুক্তিযোদ্ধা সংসদ, জেলা পরিষদ, সিভিল সার্জন কার্যালয়, গাজীপুর প্রেসক্লাবসহ সরকারি-বেসরকারি বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ভাষাশহিদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণ করা হয়। শ্রদ্ধা নিবেদন করেন গাজীপুরের জেলা প্রশাসক আনিসুর রহমান, পুলিশ সুপার কাজী শফিকুল আলম। পরে আওয়ামী লীগ, মুক্তিযোদ্ধা সংসদসহ বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তর ও শিক্ষাপ্রতিষ্ঠানের পক্ষ থেকে শহিদ বেদিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। সকালে জেলা প্রশাসনের উদ্যোগে ভাওয়াল সভাকক্ষে আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, কৃষি গবেষণা ইনস্টিটিউট, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয়, ডুয়েট পৃথকভাবে বিভিন্ন কর্মসূচি পালন করে।

Page - 11

নীতির প্রশ্নে আপোসহীন

দৈনিক জনকণ্ঠ

প্রতিষ্ঠাতা মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ

নগর সংস্করণ

The Daily Janakantha

বুধবার ৯ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ ১ শাবান ১৪৪৪ হিজরি ২২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ বর্ষ ৩১ সংখ্যা ২

# সারাদেশে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা

**গাজীপুর ॥** সোমবার প্রথম প্রহরে আনুষ্ঠানিকতার পর গাজীপুরের কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধা জানানোর মধ্য দিয়ে শুরু হয় বিভিন্ন কর্মসূচি। দিবসের প্রথম প্রহরে রাত ১২টা ১ মিনিটে গাজীপুর কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন জেলা প্রশাসক ও পুলিশ প্রশাসনের কর্মকর্তাগণ। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, কৃষি গবেষণা ইনস্টিটিউট, ধান গবেষণা ইনস্টিটিউট, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন প্রতিষ্ঠানে অনুরূপ কর্মসূচি পালিত হয়।

Page-3

ঢাকা ■ বুধবার ■ ২২ ফেব্রুয়ারি ২০২৩ ভোরের কাগজ

# মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বিভিন্ন প্রতিষ্ঠানের শ্রদ্ধা



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পক্ষ থেকে ইনস্টিটিউটের শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবকঅর্পণ। বিজ্ঞপ্তি।

Page-7


কারও তাঁবেদারি করে না

# মানবজমিন

বুধবার ২২শে ফেব্রুয়ারি ২০২৩, ২৬তম বর্ষ, সংখ্যা ৮, ৯ই ফাল্গুন ১৪২৯,


**বাংলারজমিন ডেস্ক: সারা দেশে যথাযোগ্য মর্যাদায় মহান অমর একুশে এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। ২১শে ফেব্রুয়ারির প্রথম প্রহরে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানানো হয়।**

স্টাফ রিপোর্টার, গাজীপুর থেকে জানান, প্রথম প্রহরে গাজীপুর কেন্দ্রীয় শহীদ মিনারে জেলা প্রশাসন, মেট্রোপলিটন ও জেলা পুলিশ, আওয়ামী লীগ, যুবলীগসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ সময় জেলা প্রশাসক আনিসুর রহমান, পুলিশ সুপার কাজী শফিকুল ইসলাম, মহানগর যুবলীগের আহ্বায়ক কামরুল আহসান রাসেল সরকার উপস্থিত ছিলেন। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এ একুশের প্রথম প্রহরে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের নেতৃত্বে ইনস্টিটিউটের শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করার মধ্যদিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি) এ র‍্যালি শেষে ভাষা শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে প্রথমে ভাইস-চ্যান্সেলর ড. মো. গিয়াস উদ্দিন মিয়ার নেতৃত্বে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

উন্নয়নের মূলধারায়
আলোকিত বাংলাদেশ

২১ ফে

বুধবার, ২২ ফেব্রুয়ারি ২০২৩ রেজিঃ নং-ডিএ ৬১৯৮ ■ বর্ষ ১৩ সংখ্যা ১৪৭ ■ ৯ ফাল্গুন ১৪২৯ ■ ১ শাবান ১৪৪৪ ■ www.alokitobangladesh.com thealokitobangladesh

# বারিতে মাতৃভাষা দিবস উদযাপন

যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্যে দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) গতকাল মঙ্গলবার মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উদযাপিত হয়েছে। একুশের প্রথম প্রহর রাত ১২:০১ মিনিটে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের নেতৃত্বে পরিচালকরা, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক, শ্রমিক ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ইনস্টিটিউটের শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়।

আলোচনা অনুষ্ঠানে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (উদ্যানতত্ত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, বারি বিজ্ঞানী সমিতি (বারিসা), বারি কর্মচারী কল্যাণ সমিতি (বারিকা) এবং বারি শ্রমিক সমিতির নেতারা বক্তব্য রাখেন। সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কণ্ঠ



# বারি'তে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত

জেলা

February 21, 2023 বাংলাদেশ কন্ঠ Leave A Comment

গাজীপুর প্রতিনিধি :

যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্যে দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এ আজ মঙ্গলবার মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হয়েছে। একুশের প্রথম প্রহর রাত ১২টা ১মিনিটে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের নেতৃত্বে পরিচালকবৃন্দ, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক, শ্রমিক ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ইনস্টিটিউটের শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়।

দিনের অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, মহান ভাষা আন্দোলনে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ইনস্টিটিউটের সকল স্তরের বিজ্ঞানী, কর্মকতার, কর্মচারী, শ্রমিক, শিক্ষক এবং বিভিন্ন সংগঠনের অংশগ্রহণে প্রভাতফেরি। প্রভাতফেরি শেষে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস—২০২৩ উপলক্ষে সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠান।

আলোচনা অনুষ্ঠানে বারি'র এর মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (উদ্যানতত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, বারি বিজ্ঞানী সমিতি (বারিসা), বারি কর্মচারী কল্যাণ সমিতি (বারিকা) এবং বারি শ্রমিক সমিতির নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

এছাড়াও দিনের কর্মসূচির অংশ হিসেবে বাদ জোহর বারি'র সকল মসজিদে ভাষা শহীদদের রুহের মাগফেরাত ও দেশের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। সন্ধ্যায় বারি'র মন্দির ও গীর্জায় বিশেষ প্রার্থনা করা হয়।

# বারি'তে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত

Reporter Name

আপডেট টাইম : মঙ্গলবার, ২১ ফেব্রুয়ারি, ২০২৩ / ১৪ বার পঠিত



গাজীপুর প্রতিনিধি :
যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্যে দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এ আজ মঙ্গলবার মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হয়েছে। একুশের প্রথম প্রহর রাত ১২টা ১মিনিটে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের নেতৃত্বে পরিচালকবৃন্দ, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক, শ্রমিক ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ইনস্টিটিউটের শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়।

দিনের অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, মহান ভাষা আন্দোলনে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ইনস্টিটিউটের সকল স্তরের বিজ্ঞানী, কর্মকতার, কর্মচারী, শ্রমিক, শিক্ষক এবং বিভিন্ন সংগঠনের অংশগ্রহণে প্রভাতফেরি। প্রভাতফেরি শেষে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস—২০২৩ উপলক্ষে সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠান।

আলোচনা অনুষ্ঠানে বারি'র এর মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (উদ্যানতত্ত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, বারি বিজ্ঞানী সমিতি (বারিসা), বারি কর্মচারী কল্যাণ সমিতি (বারিকা) এবং বারি শ্রমিক সমিতির নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

এছাড়াও দিনের কর্মসূচির অংশ হিসেবে বাদ জোহর বারি'র সকল মসজিদে ভাষা শহীদদের রুহের মাগফেরাত ও দেশের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। সন্ধ্যায় বারি'র মন্দির ও গীর্জায় বিশেষ প্রার্থনা করা হয়।

Page-6

the daily observer

Dhaka Wednesday February 22, 2023

# Amar Ekushey and Mother Language Day observed




and Gazipur (6). PHOTOS: OBSERVER